সরকারি চাকরি, কোর্স ও পেশার খবর পেতে দেখুন www.kaajcareer.in লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন www.fb.com/kaajcareer Subscribe Youtube https://bit.ly/30JCpt7

কাজকেরিয়ার

www.kaajcareer.in ● www.fb.com/kaajcareer ● মূল্য ঃ ৫.০০ টাকা মাত্র ● RNI No. WBBEN/2006/18125

যাবতীয় খবরের লেটেস্ট আপডেট পেতে দেখুন www.amarbangla.co আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন www.fb.com/amarbangla Subscribe Youtube https://bit.ly/3eBS8Tt

বর্ষ ১৫ ● সংখ্যা ৩২ ● ৪ আগস্ট, ২০২১ - ১০ আগস্ট, ২০২১ | পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত | ১৮ শ্রাবণ-২৪ শ্রাবণ, ১৪২৮ ● বুধবার-মঙ্গলবার

ভারতীয় ডাকবিভাগের পশ্চিমবঙ্গের ২৭টি ডিভিশনের বিভিন্ন পোস্ট ও ব্রাঞ্চ অফিসগুলিতে

১,৬৬৪ জনকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দিচ্ছে উত্তর-মধ্য রেলে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ফিটার, ওয়েল্ডার, কার্পেন্টার সহ বিভিন্ন ডিসিপ্লিনে ১,৬৬৪ জনকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দিচ্ছে নর্থ সেন্ট্রাল রেলওয়েজে। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুযায়ী ট্রেনিং হবে ৩টি ডিভিশনের বিভিন্ন ট্রেডে। সবক্ষেত্রেই ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নির্ধারিত হারে স্টাইপেন্ড পাবেন।

ডিভিশন অনুযায়ী আসন সংখ্যা-- **প্রয়াগরাজ ডিভিশনে**: মোট আসন সংখ্যা ৭০৩টি। এরমধ্যে থেকে মেকানিক্যাল ডিপার্টমেন্টে আসন ৩৬৪টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— টেকনিক্যাল ফিটার: আসন সংখ্যা ৩৩৫টি (অসং ১৩৭, তঃজাঃ ৫০, তঃউঃজাঃ ২৫, ওবিসি ৯০, আর্থিকভাবে দুর্বল ৩৩ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১০, অস্থি প্রতিবন্ধী ৩, শ্রবণ প্রতিবন্ধী ৩)। টেকনিক্যাল ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): মোট আসন সংখ্যা ১৩টি (অসং ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। টেকনিক্যাল কার্পেন্টার: আসন সংখ্যা ১১টি (অসং ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১)। টেকনিক্যাল পেইন্টার (জেনারেল): আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। ইলেক্ট্রিক্যাল

.... এরপর ২ পাতায়

ড্রাফটসম্যান, ফিটার, ইলেক্ট্রিক্যাল সব বিভিন্ন ডিসিপ্লিনে

১১২ ট্রেনি অ্যাপ্রেন্টিস ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: আইটিআই ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে ১১২ জনকে নিচ্ছে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডে। গাজিয়াবাদে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক এবং কোপা ট্রেডে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং হবে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ -র অধীনে। নীচের মতো যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে ইতিপূর্বে ট্রেনিং নিয়ে থাকলে বা এখন ট্রেনিং নিচ্ছেন এমন হলে আবেদন করা যাবে না।

ফিটার: শূন্যপদ ৫টি। ইলেক্ট্রিশিয়ান: শূন্যপদ ১০টি। ইলেক্ট্রনিক মেকানিক: শূন্যপদ ১০টি। স্টাইপেন্ড মাসে ৮,৯৮৫ টাকা। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোপা): শূন্যপদ ৮৭টি। স্টাইপেন্ড মাসে ৭,৯৮৭ টাকা।

প্রার্থীদের এনসিভিটি স্বীকৃত ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট

.... এরপর ৪ পাতায়

রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেডে

বিভিন্ন ডিসিপ্লিনে ১০৪ ট্রেনি অ্যাপ্রেন্টিস নিচ্ছে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (এইচআর) ট্রেনি, অ্যাকাউন্টস এক্সিকিউটিভ ট্রেনি, মেডিকেল ল্যাব (প্যাথলজি) ট্রেনি এবং আরও অন্যান্য ট্রেডে ট্রেনিংয়ের জন্য ১০৪ জন ট্রেড অ্যাপ্রেন্টিস নিচ্ছে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স লিমিটেডে। ট্রেনিং হবে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ -র অধীনে। নীচের মতো যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন।

রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (এইচআর) ট্রেনি: শূন্যপদ ১০টি। অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা যে কোনও শাখার গ্র্যাজুয়েট প্রার্থীরা ইংরেজির বেসিক নলেজ থাকলে আবেদন করতে পারেন।

অ্যাটেন্ড্যান্ট অপারেটর

.... এরপর ৩ পাতায়

আইআইটি ধানবাদে

৭৩ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ৭৩ জনকে নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (ইন্ডিয়ান স্কুল অফ মাইনস) ধানবাদ। কাজ করতে হবে ধানবাদে। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি, ধানবাদ (আইআইটি, ধানবাদ) সাধারণভাবে ইন্ডিয়ান স্কুল অফ মাইনস বলে পরিচিত।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ৭৩ টি (অসংরক্ষিত ২৫,

.... এরপর ৩ পাতায়

ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসাল্ট্যান্ট ইন্ডিয়া লিমিটেডে

১০২ ইঞ্জিনিয়ার, লোডার, হ্যান্ডিম্যান, সুপারভাইজর

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: হ্যান্ডিম্যান/ লোডার, সুপারভাইজর এবং সিনিয়র সুপারভাইজর পদে স্থাপনার জন্য ৯৯ জন স্কিল্ড, আনস্কিল্ড ও হাইলি স্কিল্ড কর্মী বাছাই করবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড (বিইসিআইএল)। চুক্তির ভিত্তিতে, নিয়োগ হবে এএআই কারগো লজিস্টিক অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস কোম্পানি লিমিটেডের, ভোপাল, শ্রীনগর, জম্মু, লে, সুরাট এবং পুনা লোকেশনে।

হ্যান্ডিম্যান/ লোডার (আনস্কিল্ড): শূন্যপদ ৭৫টি। অন্তত অষ্টম শ্রেণি পাশ হতে হবে। স্থানীয় ভাষা এবং হিন্দিতে লোকের সঙ্গে কথা বলতে পারা চাই। ইংরিজি পড়তে পারলে ভাল। কার্গো হ্যান্ডলিংয়ে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। মাইনে কেবল পুনা

.... এরপর ৪ পাতায়

অয়েল ইন্ডিয়া লিমিটেডের অসম ও অরুণাচল ইউনিটে

১১৫ সুপারভাইজর, ফিটার, ইলেক্ট্রিশিয়ান

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাসিস্ট্যান্ট ওয়েল্ডার, অ্যাসিস্ট্যান্ট ফিটার, অ্যাসিস্ট্যান্ট ডিজেল মেকানিক সহ বিভিন্ন পদে ১১৫ জনকে নিচ্ছে অয়েল ইন্ডিয়া লিমিটেডে। ৬ মাসের চুক্তিভিত্তিতে নিয়োগ হবে সংস্থার বিভিন্ন ইউনিটে। তবে ভাল কাজের নিরিখে ও প্রয়োজন অনুযায়ী চুক্তির মেয়াদ আরও ৬ মাস বাড়তে পারে। অসম এবং অরুণাচলপ্রদেশের স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

অ্যাসিস্ট্যান্ট ওয়েল্ডার: শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। থোক

.... এরপর ৪ পাতায়

আইনের ডিগ্রিধারীদের থেকে এলাহাবাদ হাইকোর্টে

৯৪ ল ক্লার্ক পদে নিয়োগ

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ল ক্লার্ক (ট্রেনি) পদে ৯৪ জনকে নিচ্ছে এলাহাবাদ হাইকোর্টে। নিয়োগ হবে ১ বছরের চুক্তিতে। অন্তত ৫৫ শতাংশ নম্বর নিয়ে পাশ করা আইনের ডিগ্রিধারীদের নেওয়া হবে। প্র্যাক্টিস শুরু করে দিলে আবেদন করা যাবে না। সঙ্গে কম্পিউটার নলেজ অর্থাৎ ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং এবং কম্পিউটার অপারেশন জানতে হবে।

যাঁরা ২০২০-২১ -এ এলএল.বি (ফাইনাল ইয়ার) পরীক্ষা দিয়েছেন এবং ফলাফলের জন্য অপেক্ষা করেছেন তাঁরাও আবেদনের যোগ্য। তবে এক্ষেত্রেও অন্তত ৫৫ শতাংশ নম্বর পেতে হবে। প্রার্থীদের ইন্টারভিউয়ের সময় এলএল.বি ফাইনালের মার্কশিট সাবমিট করতে হবে। ১-৭-২০২১ তারিখের হিসেবে বয়স হতে হবে ২১ থেকে ২৬ বছরের মধ্যে। নির্দিষ্ট হারে সাম্মানিক মাসে ১৫,০০০ টাকা। অন্য কোনও ভাতা ইত্যাদি পাবেন না।

প্রার্থিবাছাই হবে কেবলমাত্র এলাহাবাদে, ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হতে পারে সেপ্টেম্বর মাসে। সফল প্রার্থীদের মাননীয়

.... এরপর ৩ পাতায়

অ্যাগ্রিকালচার রিসার্চে

৬৫ অফিসার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্ট অফিসার পদে ৬৫ জনকে নিচ্ছে ইন্ডিয়ান কাউন্সিল অফ অ্যাগ্রিকালচারাল রিসার্চের অধীনস্থ রিসার্চ ইনস্টিটিউটগুলিতে। প্রার্থীবাছাই করবে অ্যাগ্রিকালচারাল সায়েন্টিস্ট রিক্রুটমেন্ট বোর্ডে। একজন প্রার্থীরা একটি বা উভয় পদের জন্য আবেদন করতে পারেন।

অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (এও): শূন্যপদ ৪৪টি (অসং ১৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, ওবিসি ১৪,

.... এরপর ৩ পাতায়

৪ আগস্ট, ২০২১ - ১০ আগস্ট, ২০২১

হকিতেই পদকের আশা

৪১ বছর অলিম্পিক হকি থেকে কোনও পদক আসেনি ভারতে। গ্রেট ব্রিটেনকে হারিয়ে সেমিফাইনালে ভারতীয় পুরুষ হকি দল। সেমিফাইনালে মুখোমুখি বেলজিয়ামের। শেষ খবর পাওয়া পর্যন্ত জানা গিয়েছে, বেলজিয়ামের কাছে পরাজিত ভারত। ব্রোঞ্জ পদক পাওয়ার লক্ষ্যে রয়েছে পুরুষ হকি টিম। অন্যদিকে বিশ্বের অন্যতম সেরা শক্তি অস্ট্রেলিয়াকে ১-০ ফলাফলে হারিয়ে অলিম্পিকের মহিলা হকিতে শেষ চারে ভারত। উল্লেখ করা যায়, মস্কো অলিম্পিকে ভারতীয় কন্যারা চতুর্থ হয়েছিল। তবে সেবার মাত্র ৬টি টিম অংশ নিয়েছিল। এবার ১২ টিমের মধ্যে প্রথম চারে রানী রামপালরা। বুধবার আর্জেন্টিনার বিরুদ্ধে সেমিফাইনালে পরাজিত হলেও ব্রোঞ্জ জয়ের সুযোগ থাকছে ভারতীয় মহিলা দলের সামনে। শক্তিধর অস্ট্রেলিয়াকে হারানোর পর আরও সামনের দিকে এগোতে চাইছে সোদ মারিনের প্রশিক্ষণাধীন টিম। সোনা জয়ের লক্ষ্যেই নামবে ভারতের সোনার মেয়েরা।

বেলজিয়ামকে হারাতে পারলেই ফাইনালে পৌঁছে যাওয়ার একটা সুযোগ থাকত। সোনা বা রুপো জয়ের সম্ভাবনা তৈরি ছিল। সেই সুযোগ হারাল ভারত। অন্যদিকে একটানা ১৮ মাসের বেশি বেলজিয়াম বিশ্বের ১ নম্বর স্থানে ছিল। বর্তমানে অস্ট্রেলিয়া ১ নম্বর স্থান ধরে রেখেছে, বেলজিয়াম ২ নম্বরে। ভারত সাম্প্রতিক সময়ে ৩ নম্বর স্থান দখলে রেখেছে। অলিম্পিকের আসরে এ পর্যন্ত বেলজিয়ামের মুখোমুখি হয়েছে ভারত ২ বার। দু'বারই জয়ী হয়েছে বেলজিয়াম। টোকিও অলিম্পিকের আসরে গোটা দেশ এখন তাকিয়ে হকির পদকের দিকেই।

কাজকেরিয়ার

সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর

এফেক্ট পাবলিকেশন্স,
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র

১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

দিল্লি অফিস

মিষ্টি সদন, বি-৩৫২/১, গলি নং- ৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—
প্রবীর মুখোপাধ্যায়
প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

১,৬৬৪ জনকে

১ পাতার পর ....

ডিপার্টমেন্টে আসন ৩৩৯টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— টেকনিক্যাল ফিটার: আসন সংখ্যা ২৪৬টি (অসং ১০০, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১৮, ওবিসি ৬৬, আর্থিকভাবে দুর্বল ২৫ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৭, অস্থি প্রতিবন্ধী ২, শ্রবণ প্রতিবন্ধী ২)। টেকনিক্যাল ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : আসন সংখ্যা ৯টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। টেকনিক্যাল আর্মোচার উইন্ডার : আসন সংখ্যা ৪৭টি (অসং ১৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। টেকনিক্যাল কার্পেন্টার : আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। টেকনিক্যাল ক্রেন: আসন সংখ্যা ৮টি (অসং ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। টেকনিক্যাল মেশিনিস্ট: আসন সংখ্যা ১৫টি (অসং ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। টেকনিক্যাল পেইন্টার (জেনারেল): আসন সংখ্যা ৭টি (অসং ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। টেকনিক্যাল ইলেক্ট্রিশিয়ান: আসন সংখ্যা ২টি (অসং)।

ঝাঁসি ডিভিশনে: মোট আসন সংখ্যা ৬৬৫টি। এরমধ্যে থেকে ঝাঁসি ডিভিশনে আসন ৪৮০টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— ফিটারে: আসন সংখ্যা ২৮৬টি (অসং ১৪৫, তঃজাঃ ৪৩, তঃউঃজাঃ ২১, ওবিসি ৭৭, আর্থিকভাবে দুর্বল ২৮ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৯, অস্থি প্রতিবন্ধী ৫, শ্রবণ প্রতিবন্ধী ২৪)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): আসন সংখ্যা ১১টি (অসং ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১)। মেকানিক (ডিজেল): আসন সংখ্যা ৮৪টি (অসং ৪২, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৬, ওবিসি ২৩, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৩, অস্থি প্রতিবন্ধী ২, শ্রবণ প্রতিবন্ধী ১)। কার্পেন্টার: আসন সংখ্যা ১১টি (অসং ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১)। ইলেক্ট্রিশিয়ান: আসন সংখ্যা ৮৮টি (অসং ৪৪, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৪, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৩, অস্থি প্রতিবন্ধী ২, শ্রবণ প্রতিবন্ধী ১)। ওয়ার্কশপ ঝাঁসিতে আসন সংখ্যা ১৮৫টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— ফিটার: আসন সংখ্যা ২৪৬টি (অসং ১০০, তঃজাঃ ৩৭, তঃউঃজাঃ ১৮, ওবিসি ৬৬, আর্থিকভাবে দুর্বল ২৫ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৭, অস্থি প্রতিবন্ধী ২, শ্রবণ প্রতিবন্ধী ২)। ওয়েল্ডার: আসন সংখ্যা ৪৭টি (অসং ২১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ১২, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ২, অস্থি প্রতিবন্ধী ১, শ্রবণ প্রতিবন্ধী ১)। মেকানিক মোটর টুল মেন্টেন্যান্স: আসন সংখ্যা ১২টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১)। মেশিনিস্ট: আসন সংখ্যা ১১টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। পেইন্টার: আসন সংখ্যা ১৬টি (অসং ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। ইলেক্ট্রিশিয়ান: আসন সংখ্যা ১১টি (অসং ৭, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। স্টেনোগ্রাফার (হিন্দি): আসন সংখ্যা ৩টি (অসং ২, আর্থিকভাবে দুর্বল ১)।

আগ্রা ডিভিশনে: আসন সংখ্যা ২৯৬টি। ট্রেনিং হবে এইসব ট্রেডে— ফিটার: আসন সংখ্যা ৮০টি (অসং ৪০, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২২, আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৭, দৃষ্টি প্রতিবন্ধী ১, এমডি ১)। ইলেক্ট্রিশিয়ান: আসন সংখ্যা ১২৫টি (অসং ৬৩, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯, ওবিসি ৩৪, আর্থিকভাবে দুর্বল ৬ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ৪, এলডি ১, শ্রবণ প্রতিবন্ধী ১)। ওয়েল্ডার: আসন সংখ্যা ১৫টি (অসং ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে এলডি ১)। মেশিনিস্ট: আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। কার্পেন্টার: আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন শ্রবণ প্রতিবন্ধী ১)। পেইন্টার: আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে শ্রবণ প্রতিবন্ধী ১, এমডি ১)। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স: আসন সংখ্যা ৮টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২)। প্লাম্বার: আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে দৃষ্টি প্রতিবন্ধী ১, এমডি ১)। ড্রাফটসম্যান (সিভিল): আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)। স্টেনোগ্রাফার (ইংলিশ): আসন সংখ্যা ৪টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ১ এবং এদের মধ্যে থেকে এলডি ১, দৃষ্টি প্রতিবন্ধী ১)। ওয়্যারম্যান: আসন সংখ্যা ১৩টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। মেকানিক-কাম- অপারেটর ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন: আসন সংখ্যা ১৫টি (অসং ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। হেলথ স্যানিটারি ইনস্পেক্টর: আসন সংখ্যা ৬টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ২)। মাল্টিমিডিয়া অ্যান্ড ওয়েব পেজ ডিজাইনার: আসন সংখ্যা ৫টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ১)।

মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ ১০+২ পদ্ধতিতে মাধ্যমিক/ দশম শ্রেণি পাশ প্রার্থীরা সঙ্গে এনসিভিটি/ এসসিভিটি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই সার্টিফিকেট/ ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। তবে ওয়্যারম্যান, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), কার্পেন্টার ট্রেডের ক্ষেত্রে অষ্টম শ্রেণি পাশ ও এনসিভিটি/ এসসিভিটি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই সার্টিফিকেট/ ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে।

বয়স হতে হবে ১-৯-২০২১ তারিখের হিসেবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৯-১৯৯৭ থেকে ৩১-৮-২০০৬-এর মধ্যে। তফশিলিরা ৫ বছর বয়সের ছাড় পাবেন (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৯-১৯৯২ থেকে ৩১-৮-২০০৬ তারিখের মধ্যে), ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৯-১৯৯৪ থেকে ৩১-৮-২০০৬ তারিখের মধ্যে), শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর বয়সের ছাড় পাবেন (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৯-১৯৯৮৭ থেকে ৩১-৮-২০০৬ তারিখের মধ্যে), শারীরিক প্রতিবন্ধী-তফশিলিরা ১৫ বছরের ছাড় পাবেন (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৯-১৯৯৮২ থেকে ৩১-৮-২০০৬ তারিখের মধ্যে), শারীরিক প্রতিবন্ধী-ওবিসিরা ১৩ বছরের ছাড় পাবেন (অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৯-১৯৮৪ থেকে ৩১-৮-২০০৬ তারিখের মধ্যে)। এছাড়া প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে শিক্ষাগত যোগ্যতা ও আইটিআই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে। এরপর হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা।

আবেদন করবেন অনলাইনে https://www.rrcpryj.org ওয়েবসাইটের মাধ্যমে, ২ আগস্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের শিক্ষাগত যোগ্যতার মার্কশিট, জন্মতারিখের প্রমাণপত্র, আইটিআই সার্টিফিকেট ও মার্কশিট, কাস্ট/ ওবিসি সার্টিফিকেট,

.... এরপর ৩ পাতায়

১,৬৬৪ জনকে

২ পাতার পর ....

ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট ইত্যাদি পিডিএফ ফর্ম্যাটে ৫০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে ওপরে বলা ওয়েবসাইটে গিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এক্ষেত্রে প্রার্থীরা আধার কার্ডটির প্রয়োজন হবে। রেজিস্ট্রেশন হয়ে গেলে পাবেন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলাদের এই ফি দিতে হবে না। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং: RRC/NCR/01/2021. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

৯৪ ল ক্লার্ক

১ পাতার পর ....

ধর্মাবতারের নির্দেশ অনুসারে তাঁদেরকে বিভিন্ন লিগ্যাল পয়েন্ট, কেস ল, আর্টিকেল, পেপার ইত্যাদি সার্চ এবং রিসার্চের কাজে সাহায্য করতে হবে। চুক্তির মেয়াদ শেষ হলেই মাননীয় ধর্মাবতারের কোনও কেস -এ হাজির থাকতে পারবেন না। যাঁদের একাধিক স্ত্রী রয়েছে বা এমন কাউকে বিবাহ করেছেন যাঁর আইনসিদ্ধ স্ত্রী/ স্বামী জিবিত, তাঁরা আবেদন করতে পারবেন না।

দরখাস্ত করবেন নির্ধারিত বয়ান পূরণ করে। নগদ ৩০০ টাকার বিনিময়ে এলাহাবাদ হাইকোর্টের কাউন্টার থেকে দরখাস্তের বয়ান কিনতে পারেন অথবা www.allahabadhighcourt.in ওয়েবসাইট থেকে ফর্ম ডাউনলোড করতে পারেন। সেক্ষেত্রে ৩০০ টাকা দিতে হবে ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে। ড্রাফট কাটবেন Registrar General, High Court of Judicature at Allahabad -এর অনুকূলে।

দরখাস্তের সঙ্গে দিতে হবে হাই স্কুল মার্কশিট, বয়সের প্রমাণপত্র হিসেবে হাই স্কুল সার্টিফিকেট, ইন্টামিডিয়েট/ সমতুলের মার্কশিট ও সার্টিফিকেট, গ্র্যাজুয়েশন/ পোস্ট-গ্র্যাজুয়েশন মার্কশিট ও সার্টিফিকেট, এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটির ও কম্পিউটার নলেজের প্রশংসাপত্রগুলি এবং ২টি নিজের নাম-ঠিকানা লেখা ও ৪০ টাকার ডাকটিকিট সাঁটা অতিরিক্ত খাম।

দরখাস্ত পাঠাবেন স্পীড পোস্ট, রেজিস্টার্ড পোস্ট (এডি -সহ) কিংবা ক্যুরিয়ারে। এই ঠিকানায়: Registrar General, High Court of Judicature at Allahabad. পৌঁছনো চাই ২৮ অগস্টের মধ্যে। বিজ্ঞপ্তি নং 01/ Law Clerk (Trainee)/21. আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে।

৭৩ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর ....

তপশিলি জাতি ১১, তপশিলী উপজাতি ৬, ওবিসি ২১, আর্থিকভাবে দুর্বল ১০ এবং এসবের মধ্যে থেকে ২টি পদ দিব্যাঙ্গদের জন্য সংরক্ষিত)। সংরক্ষণ ভারত সরকারের নিয়ম অনুযায়ী।

যে কোন শাখার ব্যাচেলর ডিগ্রিধারী প্রার্থীরা অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকলে এবং (দিব্যাঙ্গ ছাড়া অন্য প্রার্থীরা) কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ এবং হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপের দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্টে দক্ষতা থাকা চাই।

৩১-০৮-২০২১ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত শ্রেণির প্রার্থী এবং দিব্যাঙ্গদের জন্য সরকারি নিয়মে বয়সের ছাড় আছে। মাইনে ২১,৭০০ - ৬৯,১০০ টাকা। যাঁরা এই প্রতিষ্ঠানে রেগুলার পোস্টে অন্তত ৩ বছর চাকরি করেছেন তাঁদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৫০ বছর। অন্যদিকে, কেন্দ্রীয়/ রাজ্য সরকারে,কেন্দ্র/ রাজ্যের অটোনোমাস বডিতে, কেন্দ্রীয় অন্যান্য আইআইটি/ এনআইটি/ সিএফটি -তে অন্তত ৩ বছর চাকরি করেছেন তাঁরাও ৫ বছর বয়সের ছাড় পাবেন। কেন্দ্র বা রাজ্য সরকারি রেগুলার কর্মচারী, প্রক্তন সমরকর্মী প্রভৃতি প্রার্থীরা ভারত সরকারের নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে প্রথমে (কোয়ালিফাইং নেচারের) ১০০ নম্বরের স্ক্রিনিং টেস্ট এবং এভাবে বাছাই প্রার্থীদের (কোয়ালিফাইং নেচারের) ট্রেড টেস্ট ও মেইন পরীক্ষার মাধ্যমে। স্ক্রিনিং টেস্টে বাছাই হওয়া প্রার্থীদের থেকে শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে পরবর্তী বাছাই প্রক্রিয়ার জন্য তালিকাভুক্ত করা হবে। কোনও এক বা একাধিক ক্যাটেগরির ক্ষেত্রে যদি যথেষ্ট সংখ্যক প্রার্থী না পাওয়া যায় তাহলে সেক্ষেত্রে অসংরক্ষিত প্রার্থীদের থেকে তা পূর্ণ করা হবে। ট্রেড টেস্টে থাকবে কম্পিউটারে টাইপিং স্পীড এবং স্কিল টেস্ট। এরপর হবে ২টি ধাপে ১০০ নম্বরের মেইন পরীক্ষা। প্রথম ধাপে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা এবং দ্বিতীয় ধাপে কম্পিউটারে ২০ নম্বের দক্ষতা পরীক্ষা (এমএস ওয়ার্ড, এক্সেল অ্যান্ড পাওয়ার পয়েন্ট ইত্যাদি)। ট্রেড টেস্টে কোয়ালিফাই করলে তবেই ওইসব প্রার্থীদের লিখিত পরীক্ষার খাতা দেখা হবে। চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে লিখিত পরীক্ষা এবং কম্পিউটার প্রোফিসিয়েন্সি টেস্টের ভিত্তিতে। পরীক্ষার সময় যাতায়াতে কোনও টিএ/ ডিএ পাবেন না।

আবেদন করবেন অনলাইনে https://www.iitism.ac.in ওয়েবসাইটের মাধ্যমে, ৩১ আগস্টের মধ্যে। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি দেবেন এসবিআই কালেক্টের মাধ্যমে তপশিলি প্রাক্তন কর্মী এবং মহিলা প্রার্থীদের এই ফি দিতে হবে না। ফি পেমেন্টের পর তার তথ্য অ্যাপ্লিকেশন ফর্মে দিতে হবে। তফশিলি বা ও বি সি প্রার্থীদের, ভারত সরকারের নির্ধারিত ফরম্যাটে এখনকার নেওয়া, কাস্ট সার্টিফিকেট দরখাস্তের সঙ্গে জুড়ে দিতে হবে। বিজ্ঞপ্তি নম্বর 411002/6/2021-NFR. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

৬৫ অফিসার

১ পাতার পর ....

আর্থিকভাবে দুর্বল ৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। ফাইনাল পরীক্ষায় ৫৫ শতাংশ নম্বর সহ যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা কম্পিউটারে কাজের জ্ঞান থাকলে আবেদন করতে পারেন।

ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্ট অফিসার (এফ অ্যান্ড এও): শূন্যপদ ২১টি (অসং ১৩, তঃজাঃ ২, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। ফাইনাল পরীক্ষায় ৫৫ শতাংশ নম্বর সহ যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা কম্পিউটারে কাজের জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। পোস্ট গ্র্যাজুয়েশন স্তরে ফিন্যান্স/ একাউন্টিং/ কমার্স স্পেশ্যালাইজেশন হিসেবে পরে থাকলে অথবা সিএ/ আইসিডব্লিউএ/ সিএস ডিগ্রিধারী হলে ভাল।

বয়স হতে হবে ২৩-৮-২০২১ তারিখের হিসেবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২৪-৬-১৯৯১ থেকে ২৩-৮-২০০০ তারিখের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মূল মাইনে ১৫,৬০০ - ৩৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

প্রার্থীবাছাই হবে লিখিত পরীক্ষা, ইন্টারভিউ, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষা হবে ২টি পার্টে। প্রথম টায়ারে থাকবে ৪টি সেকশন। প্রথম সেকশনে থাকবে জেনারেল নলেজ বিষয়ের ৫০টি প্রশ্ন, দ্বিতীয় সেকশনে থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি বিষয়ের ৫০টি প্রশ্ন, তৃতীয় সেকশনে থাকবে অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি বিষয়ের ৫০টি প্রশ্ন এবং চতুর্থ সেকশনে থাকবে ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন (হিন্দি/ ইংলিশ) বিষয়ের ৫০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৩ ঘণ্টা। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুলের জন্য ১ নম্বর কাটা যাবে। এতে সফলদের দ্বিতীয় টায়ারের পরীক্ষায় থাকবে ৪টি পেপার। প্রথম পেপারে থাকবে ১৫০ নম্বরের অর্থনৈতিক উন্নয়ন, সোশ্যাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল ফিল্ড, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অফ ইন্ডিয়া অ্যান্ড ওয়ার্ল্ড সংক্রান্ত জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের প্রশ্ন, দ্বিতীয় পেপারে থাকবে ১৫০ নম্বরের ভারতীয় সংবিধান, পলিটি, গভন্যান্স, সোশ্যাল জাস্টিস সংক্রান্ত প্রশ্ন, তৃতীয় পেপারে থাকবে ১৫০ নম্বরের এসে (৭৫ নম্বরের এসে-১ এবং ৭৫ নম্বরের এসে-২) রাইটিং এবং চতুর্থ পেপারে থাকবে ১৫০ নম্বরের এথিক্স, ইন্টিগ্রিটি, অ্যাপ্টিটুড বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৩ ঘণ্টা। প্রশ্ন হবে ডেস্ক্রিপটিভ টাইপের। এতে সফলদের হবে ১০০ নম্বরের ইন্টারভিউ। প্রথম টায়ারের পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের— ব্যারাকপুর/ কলকাতা, ওড়িশার— ভুবনেশ্বর, মেঘালয়ের— বারাপানি/ শিলং, অসমের— গুয়াহাটি, বিহারের— পাটনা, আন্দামান ও নিকোবরের— পোর্ট ব্লেয়ার সহ দেশের অন্যান্য পরীক্ষা কেন্দ্রগুলিতে। অন্যদিকে দ্বিতীয় টায়ারের পরীক্ষা হবে কলকাতা, গুয়াহাটি, ভুবনেশ্বর সহ অন্যান্য পরীক্ষা কেন্দ্রগুলিতে।

আবেদন করবেন অনলাইনে http:/www.asrb.org.in ওয়েবসাইটের মাধ্যমে, ২৩ আগস্টের মধ্যে। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের যাবতীয় প্রমাণপত্র ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে প্রতিটি পদের জন্য ৫০০ (উভয় পদের ক্ষেত্রে ১,০০০) টাকা এবং তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলাদের ক্ষেত্রে ২০ (উভয় পদের ক্ষেত্রে ৪০) টাকা। ফি জমা দেবেন অনলাইনে ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং/ ইউপিআই-এর মাধ্যমে। অনলাইনে ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। এই নিয়োগের ফাইল নং: 2(2)/2021-Exam.II. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

বিভিন্ন ডিসিপ্লিনে ১০৪

১ পাতার পর ....

কেমিক্যাল প্লান্ট (এওসিপি) ট্রেনি: শূন্যপদ ৬০টি। অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স/ বায়োলজি-সহ কেমিস্ট্রির বিএসসি পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

অ্যাকাউন্টস এক্সিকিউটিভ ট্রেনি: শূন্যপদ ১০টি। অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে কমার্সের উচ্চমাধ্যমিক/ গ্র্যাজুয়েট ও ফিনান্সিয়াল সেক্টরে ২ বছরের অভিজ্ঞতা/ বি কম, বিবিএ/ ইকনমিক্স-সহ গ্র্যাজুয়েট ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে পারেন।

মেডিক্যাল ল্যাব (প্যাথোলজি) ট্রেনি: শূন্যপদ ৫টি। অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে বিজ্ঞান ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

ডিপ্লোমা (কেমিক্যাল, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল এবং মেকানিক্যাল): মোট শূন্যপদ ১৯টি। অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে সংশ্লিষ্ট বিষয়ের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাধারী প্রার্থীরা আবেদন করতে পারেন।

তফশিলি এবং শারীরিক প্রতিবন্ধীরা নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। ১-১১-২০২০ তারিখের হিসেবে মেডিক্যাল ল্যাব (প্যাথোলজি) ট্রেনি ট্রেডের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ২১ বছরের মধ্যে এবং বাকি সব ট্রেডের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (এইচআর) ট্রেনি এবং অ্যাকাউন্টস এক্সিকিউটিভ ট্রেনি ট্রেডের ক্ষেত্রে ট্রেনিং হবে ১৪ মাসের। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে ট্রেনিং হবে ১২ মাসের। কোম্পানির প্রয়োজন অনুযায়ী ট্রেনিং হবে TROMBAY এবং THAL-এ। ট্রেনিংয়ের সময় উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা মাসে ৭,০০০ টাকা, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস বা ডিপ্লোমা হোল্ডাররা মাসে ৮,০০০ টাকা এবং গ্র্যাজুয়েট

.... *এরপর ৪ পাতায়*

বিভিন্ন ডিসিপ্লিনে ১০৪

৩ পাতার পর ....

বা ডিগ্রি অ্যাপ্রেন্টিসরা মাসে ৯,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

প্রার্থিবাছাইয়ের জন্য শিক্ষাগত যোগ্যতা অর্জনে পাওয়া নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। যাঁরা সিজিপিএ/ সিপিআই বা অন্য গ্রেড পেয়েছেন তাঁরা দরখাস্তে গ্রেডের সমতুল নম্বরের শতাংশ হার উল্লেখ করবেন। চূড়ান্ত বাছাইয়ের সময় এ বিষয়ে সার্টিফিকেট জমা করতে হবে। মেধাতালিকা অনুযায়ী নথিপত্র যাচাইয়ের জন্য ডাকা হবে। বাছাইদের "ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেনি" হিসেবে নেওয়া হবে। যোগদানের জন্য ১ সপ্তাহ সময় দেওয়া হবে।

আবেদন করবেন অনলাইনে www.rcfltd.com ওয়েবসাইটের মাধ্যমে, ৭ অগস্টের মধ্যে। আবেদন করার সময় পাসপোর্ট মাপের রঙিন ছবি (৭৫ কেবি সাইজের মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) এবং সই (২৫ কেবি সাইজের মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) -এর স্ক্যান আপলোড করতে হবে। আবেদন করার পদ্ধতি সহ সব বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

১১৫ সুপারভাইজর

১ পাতার পর ....

মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ফিটার: শূন্যপদ ২টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা ফিটার ট্রেডের সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ডিজেল মেকানিক: শূন্যপদ ৫টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা ডিজেল মেকানিক ট্রেডের সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর: শূন্যপদ ৫টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা কোনও স্বীকৃত পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে অসম সরকারের ইলেক্ট্রিক্যাল লাইসেন্স বোর্ড স্বীকৃত ১, ২, ৩, ৪ এবং ৮ (মাইনিং) অর্থরাইজেশন সহ ইলেক্ট্রিক্যাল সুপারভাইজরি কম্পিটেন্সি সার্টিফিকেট থাকা চাই। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৯,৫০০ টাকা।

গ্যাস লগার: শূন্যপদ ৮টি। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা গ্যাস লগিংয়ের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট রিগ ইলেক্ট্রিশিয়ান: শূন্যপদ ১০টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা ইলেক্ট্রিশিয়ান ট্রেডের ২ বছরের কোর্স পাশ করে থাকলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে অসম সরকারের ইলেক্ট্রিক্যাল লাইসেন্সি বোর্ড স্বীকৃত পার্ট/ ক্লাস-১ ও ২ অর্থরাইজেশন সহ বৈধ ইলেক্ট্রিক্যাল ওয়্যারম্যান পারমিট থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

কেমিক্যাল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ১০টি। কেমিস্ট্রি একটি বিষয় নিয়ে বিএসসি ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৯,৫০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট মেকানিক-পাম্প: শূন্যপদ ১৭টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা মেকানিক ডিজেল/ ফিটার ট্রেডের সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

ড্রিলিং রিগম্যান: শূন্যপদ ২৬টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা যে কোনও ট্রেডের সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট মেকানিক: শূন্যপদ ৩১টি। মাধ্যমিক পাশ প্রার্থীরা মেকানিক ডিজেল ট্রেডের সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। থোক মাইনে মাসে ১৬,৬৪০ টাকা।

প্রার্থীবাছাই হবে ওয়াক-ইন-প্রাক্টিক্যাল/ স্কিল টেস্ট কাম পার্সোনাল অ্যাসেসমেন্টের মাধ্যমে। বাছাই পরীক্ষা হবে ওয়েল্ডার পদের ক্ষেত্রে ১৬ আগস্ট, ফিটার পদের ক্ষেত্রে ১৮ আগস্ট, ডিজেল মেকানিক পদের ক্ষেত্রে ২০ আগস্ট, ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর পদের ক্ষেত্রে ২৩ আগস্ট, গ্যাস লগার পদের ক্ষেত্রে ২৫ আগস্ট, রিগ ইলেক্ট্রিশিয়ান পদের ক্ষেত্রে ৩০ আগস্ট, কেমিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২ সেপ্টেম্বর, অ্যাসিস্ট্যান্ট মেকানিক-পাম্প পদের ক্ষেত্রে ৬ সেপ্টেম্বর, ড্রিলিং রিগম্যান পদের ক্ষেত্রে ৮ সেপ্টেম্বর এবং অ্যাসিস্ট্যান্ট মেকানিক পদের ক্ষেত্রে ১৩ সেপ্টেম্বর। মনে রাখবেন প্রার্থীকে ওপরে বলা তারিখে সকাল ৭টা থেকে ১১টার মধ্যে নাম রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন নথিপত্র যাচাইয়ের জন্য তখন ১ কপি ছবি, যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন নির্ধারিত বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন https://www.oil-india.com/Current_openNew.aspx ওয়েবসাইটে। যাবতীয় প্রমাণপত্র সহ ওপরে বলা তারিখ ও সময়ে উপস্থিত হবেন এই ঠিকানায়: Employee Welfare Office, Nehru Maidan, Oil India Limited, Duliajan. এই নিয়োগ বিজ্ঞপ্তি নং: HRAQ/ CONT-WP-B/21-08. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

১০২ ইঞ্জিনিয়ার

১ পাতার পর ....

লোকেশনের ক্ষেত্রে ১৬,৭৭০ টাকা এবং বাকি লোকেশনগুলির ক্ষেত্রে ১৪,০১৪ টাকা।

সুপারভাইজর (স্কিল্ড): শূন্যপদ ২১টি। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে বেসিক কম্পিউটার নলেজ থাকলে ভালো। কার্গো ইন্ডাস্ট্রিতে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে কেবল পুনা লোকেশনের ক্ষেত্রে ২০,৩৮৪ টাকা এবং বাকি লোকেশনগুলির ক্ষেত্রে ১৮,৫৬৪ টাকা।

সিনিয়র সুপারভাইজর (হাইলি স্কিল্ড): শূন্যপদ ৩টি। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে বেসিক কম্পিউটার নলেজ থাকলে ভালো। কার্গো ইন্ডাস্ট্রিতে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মাইনে ২০,৩৮৪ টাকা।

নির্ধারিত নিয়ম এবং কাজের প্রয়োজন অনুযায়ী প্রার্থিবাছাই হবে টেস্ট/ লিখিত পরীক্ষা/ ইন্টারভিউ/ কাজে যোগদানের সময় বাছাই প্রক্রিয়ার মাধ্যমে। বাছাই প্রার্থীদের জানানো হবে ই-মেল এবং এসএমএস -এর মাধ্যমে।

যে কোনও ১টি পদে আবেদনের জন্য ফি বাবদ জেনারেল, ওবিসি, প্রাক্তন সমরকর্মী এবং মহিলা প্রার্থীদের দিতে হবে ৭৫০ (একের অধিক পদে আবেদন করলে সেগুলির প্রতিটির জন্য অতিরিক্ত ৫০০) টাকা। অন্যদিকে, ফি বাবদ তফশিলি এবং আর্থিকভাবে দুর্বল। প্রতিবন্ধী প্রার্থীদের দিতে হবে ৪৫০ (একের অধিক পদে আবেদন করলে সেগুলির প্রতিটির জন্য অতিরিক্ত ৩০০) টাকা। জিএসটি এবং ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি দেবেন অনলাইনে ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড/ নেট ব্যাঙ্কিং/ ইউপিআই ইত্যাদির মাধ্যমে। অন্য কোনও মাধ্যমে ফি দেওয়া যাবে না। একাধিক পদে আবেদন করলেও ১ বারই রেজিস্টার করতে হবে।

দরখাস্ত রেজিস্ট্রেশন করবেন কেবলমাত্র অনলাইনে www.becil.com বা https://becilregistration.com ওয়েবসাইটের মাধ্যমে, ৮ অগস্টের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেল আইডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করার আগে নিজের ছবি, সই, বার্থ সার্টিফিকেট/ ১০ম সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট (১০০ কেবি সাইজ এবং জেপিজি/ পিডিএফ ফাইলে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ৭টি ধাপে দরখাস্ত রেজিস্ট্রেশন করতে হবে। শেষ ধাপে স্ক্যান ফাইলটি দরখাস্তের ফর্মের শেষে দেওয়া ই-মেল আইডি -তে পাঠাবেন। বিজ্ঞপ্তি নং ৭২। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

অন্যদিকে, বিজ্ঞপ্তি নং BE-CIL/HR/NCCF/Advt.2021/73 অনুযায়ী ন্যাশনাল কো-অপারেটিভ কনজুমার্স ফেডারেশন অব ইন্ডিয়া লিমিটেডে, চুক্তিতে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) পদে ৩ জনকে বাছাই করবে বেসিল।

প্রার্থীদের অন্তত ৫৫ শতাংশ নম্বর নিয়ে পাশ করা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারী হতে হবে। ১৫ অগস্ট, ২০২১ তারিখের হিসেবে বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। মাইনে মাসে ২৭,০০০ টাকা।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা/ ইন্টারভিউয়ের মাধ্যমে। ফি বাবদ দিতে হবে ৭৫০ (তফশিলি/ আর্থিকভাবে দুর্বল/ প্রতিবন্ধী হলে ৪৫০) টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে www.becil.com ওয়েবসাইটের মাধ্যমে, ১৫ অগস্টের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেল আইডি থাকা চাই। বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ সশস্ত্র সীমাবলে

১১৫ হেড কনস্টেবল

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল) পদে ১১৫ জনকে নিচ্ছে ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সশস্ত্র সীমা বল (এসএসবি)। ভারতীয় তরুণ-তরুণীরা নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। নিয়োগ হবে দেশের যে কোনও অংশে কাজের জন্য। শূন্যপদের সংখ্যা কমতে বা বাড়তে পারে।

হেড কনস্টেবল (মিনিস্টেরিয়াল): মোট শূন্যপদ ১১৫ (অসংরক্ষিত ৪৭, তপশিলি জাতি ২১, তপশিলি উপজাতি ১২, ওবিসি ২৬, আর্থিকভাবে দুর্বল ১১ এবং এরমধ্যে ১০ শতাংশ শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত)। যথেষ্ট সংখ্যক প্রাক্তন সমরকর্মী না পাওয়া গেলে অন্যান্য ক্যাটেগরি থেকে ওই শূন্যপদ পূরণ করা হবে।

.... এরপর ৭ পাতায়

১১২ ট্রেনি অ্যাপ্রেন্টিস

১ পাতার পর ....

থেকে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই পাশ হতে হবে। ৩০-০৯-২০২১ তারিখের হিসেবে - বিগত ৩ বছরের মধ্যে পাস করে থাকতে হবে এবং বয়স হতে হবে ২১ বছরের মধ্যে। তফশিলিরা ৫ এবং ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন।

প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর থাকতে হবে। যদি না থাকে তাহলে https://apprenticeshipindia.org ওয়েবসাইটে গিয়ে রেজিস্ট্রেশন করে রেজিস্ট্রেশন নম্বর পেতে হবে।

প্রার্থিবাছাই হবে আইটিআই -এর নম্বরের ভিত্তিতে। স্টুডেন্টরা এনরোল করবেন www.apprenticeship-india.org ওয়েবসাইটের মাধ্যমে। এরজন্য আধার কার্ড (পিডিএফ ফর্ম্যাট, ১ এমবি সাইজের মধ্যে), মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট, কাস্ট/ প্রতিবন্ধী সার্টিফিকেট, আইটিআই সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাট, ১ এমবি সাইজের মধ্যে), পাসপোর্ট মাপের রঙিন ছবি (২০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখতে হবে। এছাড়া নিজের (এসবিআই) ব্যাঙ্ক অ্যাকাউন্ট ডিটেলস, বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বরের প্রয়োজন হবে। কোনও রকম জিজ্ঞাস্য থাকলে মেল করতে পারেন কেবলমাত্র tgtgad@bel.co.in আইডিতে। নং 12930/64/HRD/GAD/01. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

রোমাঞ্চকর পেশা চাইলে 'লাইফ গার্ডে' যোগ দিন

জীবনে রোমাঞ্চকর কিছু করতে চান বা মানুষের বিপদে ঝাঁপিয়ে পড়ার ইচ্ছা থাকলে 'লাইফ গার্ড'-কে পেশা হিসেবে বেছে নিতে পারেন। এখন এই পেশায় চাহিদা বাড়ছে। মানুষের জীবন বাঁচানোর পেশা এটি। বন্যা ও সুনামি সহ জলোচ্ছ্বাসে অনেক মানুষের জীবন বিপন্ন হয়। সমুদ্রে স্নান করতে গিয়ে অসাবধানতার জন্য দুর্ঘটনা ঘটতে পারে। এমনই বিপন্ন মানুষদের জীবন বাঁচানোর দায়িত্ব পালন করেন 'লাইফ গার্ড'রা।

পেশার গুরুত্ব ঃ লাইফ গার্ড দু'ধরনের— পুললাইফ গার্ড এবং বিচলাইফ গার্ড। পুললাইফ গার্ড সুইমিং পুলে সাঁতার কাটতে আগ্রহীদের সাঁতার শেখায়। সাঁতার কাটার নির্দেশও দেওয়া হয়। আবার আগাম সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার উদ্যোগও নেওয়া হয়। অন্যদিকে বিচলাইফ গার্ড সমুদ্রে সাঁতার কাটতে আসা পর্যটকদের স্নানে সাহায্য করে থাকে। সাঁতারের নির্দেশ দেয়। জলে কোনও দুর্ঘটনার কবলে যাতে না পড়তে হয়, সেদিকে সতর্ক নজর রাখতে হয়। বিচলাইফ গার্ডদের কাজ করার পদ্ধতি বিজ্ঞানসম্মত। নুলিয়ারা শুধুমাত্র পারিশ্রমিকের বিনিময়ে স্নানার্থীদের সাহায্য করে। বিচলাইফ গার্ডরা কাজের সময় সরঞ্জাম হিসাবে রেসকিউটিউব এবং রেসকিউ বোট সঙ্গে রাখেন।

পেশায় আসতে হলে ঃ লাইফ গার্ডের পেশায় আসতে হলে লাইফ সেভিংয়ে পেশাদার ট্রেনিং নিতে হয়। পশ্চিমবঙ্গে লাইফ সেভিংয়ের ট্রেনিং দেওয়া হয় রাষ্ট্রীয় লাইফ সেভিং সোসাইটি (ইন্ডিয়া) প্রতিষ্ঠানে। ইন্টারন্যাশনাল লাইফ সেভিং ফেডারেশন অনুমোদিত কলকাতার এই সংস্থাটিতে ১৯৯৯ সাল থেকে নতুন পদ্ধতিতে ট্রেনিং দেওয়ার কাজ চলছে।

ভর্তির পদ্ধতি ঃ লাইফ সেভিং-এর ট্রেনিং ও সার্টিফিকেট দেওয়ার একমাত্র জাতীয় নিয়ামক সংস্থা হল— 'RLSS'। স্বল্পমেয়াদি কোর্সগুলিতে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সের ক্ষেত্রে কোনও বিশেষ নিয়ম-নীতি নেই। বছরের যে কোনও সময়ই ভর্তির সুযোগ পাবেন। তবে লাইফ গার্ড কোর্সে ভর্তির জন্য সাঁতার জানা বাধ্যতামূলক। এক্ষেত্রে লক্ষ্য করা হয় প্রার্থী ৮ মিনিটে ৫০ মিটার সাঁতার কাটতে পারছেন কিনা। পাশাপাশি দেখা হয় যে তিনি ডুব সাঁতার কাটতে দক্ষ কিনা।

কাজের সুযোগ ঃ এই সংস্থা থেকে ট্রেনিং নিয়ে এখন দেশ-বিদেশের বিভিন্ন সমুদ্র সৈকতে লাইফ গার্ডের চাকরি করছেন অনেকেই। কলকাতার তাজ বেঙ্গল, হায়াত-এর মতো পাঁচতারা হোটেলের সুইমিং পুলে লাইফ গার্ড-এ কাজ পাওয়ার সুযোগ রয়েছে। অন্যান্য ট্রেনিংগুলি চাকরির ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হয়। এছাড়া লাইফ গার্ডদের চাকরি হয়— বিভিন্ন হোটেল, স্পা, সুইমিং পুল, সুইমিং নগর, প্রাকৃতিক পুল, হাউজিং কমপ্লেক্স পুল ও রিসর্টে। সুইমিং পুল, প্রাকৃতিক পার্ক বা নদীর ঘাট যা স্নানের জন্য ব্যবহার হয়, সেখানে মানুষের জীবন বাঁচাতে শিক্ষিত লাইফ গার্ড নেওয়া বাধ্যতামূলক।

লাইফ গার্ড পদে যোগ দিয়ে প্রমোশন পেয়ে সিনিয়র লাইফ গার্ড, সুপারভাইজার, ফেসিলিটি গার্ড হওয়া যায়। এছাড়া 'ইনস্ট্রাক্টর', 'লাইফ গার্ড পরীক্ষক' পদেও কাজের সুযোগ পাবেন।

কোর্স শেষে ছাত্রছাত্রীরা ট্রেনিং সংস্থার নিজস্ব উদ্ধারকারী দলের সঙ্গেও কাজ করতে পারেন। বিভিন্ন ইউনিটে ইনস্ট্রাক্টর হিসাবে কাজ করার সুযোগ পাবেন। গঙ্গাসাগর মেলা, দক্ষিণেশ্বরের মন্দিরের ঘাট, প্রতিমা বিসর্জন সহ বিভিন্ন ক্ষেত্রে উদ্ধারকারী দল ২৪ ঘণ্টা নজর রাখে। পুলিশ, সিভিল ডিফেন্স ও রাজ্যের যুব ভলান্টিয়ার্স ফোর্সকে বন্যা, সাইক্লোন এবং সুনামির মোকাবিলায় ট্রেনিং দেওয়ার জন্য রাজ্য সরকার এই সমিতিকে দায়িত্ব দিয়েছে। কলকাতা পুলিশকে বিপর্যয় ব্যবস্থাপনার ট্রেনিং দেওয়া হয়েছে। আরও বিশদে জানতে যোগাযোগ করতে পারেন— রাষ্ট্রীয় লাইফ সেভিং সোসাইটি (ইন্ডিয়া) ৮০/১/২, কাঁকুলিয়া রোড, কলকাতা-৭০০০২৯ ঠিকানায়।

মেশিনে পেন তৈরি করে আয়

পেনের চাহিদা বারো মাসই রয়েছে। মেশিনের সাহায্যে খরচ খুবই কম হবে। পেন তৈরি করে বাজারে বিক্রি করতে পারবেন। কোনও কোম্পানির থেকে অর্ডার নিয়ে প্রয়োজনমতো সাপ্লাই করার সুযোগ পাবেন।

তৈরির পদ্ধতি ঃ প্রাথমিকভাবে বাজার থেকে রিফিলের টিউব, কালি, নিব কিনে আনতে হবে। ২০০০টি রিফিলের টিউব, ২০০০ নিব এবং ২ গ্রাম কালির দাম পড়বে প্রায় ১৫,০০০ টাকা। অনেক ক্ষেত্রে এই সকল কাঁচামাল মেশিন বিক্রি সংস্থাই জোগান দিয়ে থাকে।

মেশিন সরঞ্জাম ঃ বল পেন তৈরি করতে মোট ৫টি মেশিন লাগবে। কালি রিফিল করার মেশিন, ভাইব্রেটার মেশিন, নডাল মেশিন এবং রিফিলের মুখে গার্ড লাগানোর ২টি মেশিন প্রয়োজন হয়। এইসব মেশিনের সাহায্যে নির্দিষ্ট পদ্ধতিতে বল পেন তৈরি করার পর পেনের গায়ে কোম্পানির নাম লিখতে চাইলে তা করতে পারবেন। এক্ষেত্রে আর একটি মেশিন প্রয়োজন।

মেশিনের মূল্য ঃ বল পেন তৈরির মোট ৫টি মেশিনের দাম একত্রে ২২,০০০ টাকা। পেনের গায়ে কোম্পানির নাম লেখার মেশিনটির দাম পড়বে ১৫,০০০ টাকা।

মেশিন পাওয়া যাবে ঃ মেশিন পাওয়া যাবে এই ঠিকানায় . Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata- 700 013. E-mail: bharatmachinetools1@rediffmail.com

বিভিন্ন মশলার ব্যবসায় উপার্জন

বিভিন্ন রকম মশলা রান্নার স্বাদ বাড়ায়। নিত্যপ্রয়োজনীয় রান্নার কাজে মশলা ছাড়া চলে না। রান্নার পদের ঘ্রাণ ও স্বাদ মানুষের কাছে তৃপ্তিদায়ক করার জন্য গোটা মশলার সঙ্গে গুঁড়ো মশলারও বিশেষ প্রয়োজন হয়।

রকমারী মশলা একটি অর্থকরী উপাদান। রান্নার উপকরণের পাশাপাশি মশলাতে থাকে প্রচুর ভেষজগুণ। আয়ুর্বেদশাস্ত্রেও এর বর্ণনা পাওয়া যায়।

ব্যবসার পদ্ধতি ঃ মশলার ব্যবসা করার ক্ষেত্রে প্রথমত, নানারকম গোটা মশলা গুঁড়ো করে প্যাকেট জাত করা হয়। দ্বিতীয়ত, গোটা মশলার পরিমাণ ঠিক করে প্যাকেটে ভরে বিক্রি করা যেতে পারে। স্বল্প পুঁজিযুক্ত ব্যবসায়ীদের ক্ষেত্রে প্রধানত ৬ রকমের মশলার ব্যবসা করা যেতে পারে। যেমন— লঙ্কা, হলুদ, জিরে, ধনে, গরম মশলা ও

পাঁচফোড়ন। এছাড়া গোল মরিচ, তেজপাতা, মেথি, কালো জিরে, রাধুনি, জোয়ান এবং সরষে প্রভৃতি মশলা রান্নার বিশেষ উপকরণ। আবার জায়ফল, জৈত্রী, এলাচ, সাহ জিরে, চারমগজ ও লবঙ্গ প্রভৃতি মশলা প্যাকেটে ভরে বিক্রি করে ব্যবসা করতে পারেন। ব্যবসার প্রাথমিক পর্যায়ে পুঁজি লাগবে ৫ হাজার থেকে ২০ হাজার টাকা। ঘরে বা দোকান করে উৎপাদনমূলক ব্যবসাও করতে পারেন। এই ব্যবসা করার জন্য নিয়ম অনুযায়ী ট্রেড লাইসেন্স, ফুড লাইসেন্স ও হেলথ লাইসেন্স প্রভৃতি সংগ্রহ করে ব্যবসা শুরু করতে পারবেন। মেশিন কিনে মশলা গুঁড়ো করে পাইকারি ও খুচরো বিক্রি করার সুযোগ রয়েছে।

স্থানীয় বাজার ঃ যাবতীয় গোটা ও গুঁড়ো মশলা কলকাতার বড় বাজারে মশলা পট্টিতে পাবেন। দোকানগুলিতে উৎকৃষ্ট ধরনের মশলা পাইকারি দামে মিলবে।

বৃহৎ কিছু প্রতিষ্ঠান গোটা ও গুঁড়ো মশলার ব্যবসা করেন। ছোটখাটো প্রতিষ্ঠানগুলির মশলার চাহিদা বাজারে রোজই রয়েছে। পুজো-পার্বণে চাহিদা আরও বাড়ে। যাবতীয় মশলার বিভিন্ন দামের প্যাকেট তৈরি করে স্থানীয়ভাবে বিক্রি করলে প্রথম পর্যায়ে ৪০-৫০ শতাংশ লাভ থাকবে। হাটে-বাজারে এবং স্থানীয়ভাবে মুদি দোকানে, বিভিন্ন মেলায়, শহরের

সরকারি ও বেসরকারি আবাসনে ভাল বিক্রি হতে পারে। মশলার স্টল খোলার ব্যাপারেও উদ্যোগী হতে পারেন।

মেশিন পাওয়া যাবে ঃ ৬১, গনেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-১৩, ভারত মেশিনারি টুলস। দাম পড়বে ২০ হাজার টাকার মতো। এছাড়া বিভিন্ন সাইজের পলিথিন প্যাকেটের পাইকারি বাজার রয়েছে কলকাতার ক্যানিং স্ট্রিট ও বাগরি মার্কেটে।

স্বনির্ভর উপার্জন

স্বল্প খরচে পান চাষ ভাল উপার্জনের পথ

সুন্দরবনের চাষিরা পান চাষকে কেন্দ্র করে উপার্জন করে থাকেন। এবার রফতানি কেন্দ্রিক বাণিজ্য করতে আগ্রহী হচ্ছেন তাঁরা। বর্তমান দিনে সেকেলে আমলের বরোজের অবসান হয়েছে। আধুনিক ছায়াজালের বরোজ করতে উৎসাহী কৃষকরা। এই ছায়াজালে রোগপোকার আক্রমণ অনেকটাই কম। পানের উৎপাদনও বাড়বে। বর্ষা, ঝোড়ো হাওয়া ও মাত্রাতিরিক্ত রোদ এ চাষের ব্যাপক ক্ষতি করে। এই ছায়াজালে জৈব পদ্ধতিতে পান চাষ করলে বিদেশের বাজার পাওয়া অনেকটাই সহজ হবে।

ছায়াজাল ঘরের বরোজে রোদ, হাওয়া, ঝড় ও বৃষ্টির মোট ৫০ শতাংশ নিয়ন্ত্রণ করা সম্ভব হয়। অত্যাধুনিক পলিমারের তৈরি চাদরে এটা সম্ভব হয়েছে।

চাষের পদ্ধতি ঃ পান চাষের ক্ষেত্রে একটা বাঁশের ছায়াজাল ঘরের বরোজ তৈরি করতে হবে। চাষিরা নিজেদের বাগান থেকে বাঁশ আনতে পারবেন। এতে খরচ কম পড়বে। তবে ছায়াজাল ঘরের আবেদন প্রতিটি ব্লকে বিডিও অফিসে করতে হবে। আবেদনপত্র পাওয়ার পর ব্লক কৃষি সহ অধিকর্তার সঙ্গে আলোচনা করে গ্রহণ করবেন। চাষিরা তাদের ভর্তুকির টাকা নিজেদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে

পেতে পারবেন। কেন্দ্রীয় প্রকল্পের এই টাকা রাজ্যের মাধ্যমে চাষিরা পেতে পারেন। এরফলে উপকৃত হচ্ছেন পান চাষিরা।

চাষে খরচ ঃ ২০০ বর্গমিটারের বাঁশের ছায়াজাল তৈরিতে খরচ পড়বে ৭২ হাজার টাকা। এর মধ্যে ভর্তুকি ৩৬ হাজার টাকা। আবার ৫০০ বর্গমিটার লোহার কাঠামোর পাকাপোক্ত ছায়াজাল ঘর তৈরিতে মোট খরচ পড়বে ৩ লক্ষ ৫৫ হাজার টাকা। এতে ভর্তুকি প্রতি বর্গসেমিতে ৩৫৫ টাকা হিসেবে মোট ১ লক্ষ ৭৭ হাজার ৫০০ টাকা।

পরামর্শ পাবেন ঃ বিবেকানন্দ ইনস্টিটিউট অফ বায়োটেকনোলজির নিমপীঠ শ্রীরামকৃষ্ণ আশ্রমের কৃষি বিজ্ঞানীরা সুন্দরবনের বিভিন্ন ব্লকে পান চাষকে আধুনিক জৈব উপকরণে করার পরামর্শ দিয়ে থাকেন। পাশাপাশি আধুনিক ছায়াজাল ঘরে পান চাষের শিক্ষা পেতে পারবেন। পান চাষিরা ছায়াজাল ঘরের বরোজ চাষ করে উপকৃত হচ্ছেন অনেকেই। তবে কীভাবে তা পাওয়া যাবে জানেন না। এই সংক্রান্ত বিষয় নিয়ে বিশদে পরামর্শও পাওয়া যাবে।

উপার্জন ঃ কৃষকরা ছাড়াও এই পেশায় আসছেন অনেক উদ্যোমী তরুণরা। রাজ্যে পানের ভাল বাজার রয়েছে। ভিন রাজ্যেও পানের চাহিদা বাড়ছে। স্থানীয় দোকানগুলি ছাড়াও হাট, বাজার-এ পান বিক্রির ভাল বাজার রয়েছে। মাসিক ভাল টাকা রোজগার করতে পারবেন অনায়াসে।

দেশদুনিয়ার হালহকিকৎ

১৯ জুলাই

মাধ্যমিক পরীক্ষার ফলপ্রকাশ। পরীক্ষার্থীর সংখ্যা ১৩ লক্ষের কাছাকাছি। মধ্যশিক্ষা পর্ষদ সূত্রে জানানো হয়েছে, সকাল ১০টা থেকে ওয়েবসাইটে রেজিস্ট্রেশন নম্বর এবং জন্মতারিখ দিয়ে ফল দেখা যাবে। মার্কশিট, অ্যাডমিট কার্ড ও সার্টিফিকেট স্কুলে পাঠিয়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে। এবার কোনও মেধাতালিকা প্রকাশ করবে না মধ্যশিক্ষা পর্ষদ।

❑ রেডিওর মাধ্যমে দশম শ্রেণির পড়ুয়াদের শ্রেণিকক্ষ পঠন-পাঠনের ব্যবস্থা করেছে পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ। একটি বিজ্ঞপ্তিতে এই খবর জানানো হয়েছে। করোনা আবহে স্কুলগুলিতে পঠন-পাঠন বন্ধ। এই অবস্থায় মাদ্রাসার পড়ুয়াদের জন্য এই উদ্যোগ।

❑ কেন্দ্রীয় সরকার চলতি অর্থবর্ষেই বাজারে জীবনবিমা নিগমের প্রথম শেয়ার ছাড়ার প্রক্রিয়া সম্পন্ন করতে উদ্যোগী। কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী ভগবৎ কিষাণ রাও এই খবর জানিয়েছেন।

❑ ইরাকের রাজধানী বাগদাদে বিস্ফোরণে নিহত ১৮। জখম বহু মানুষ।

❑ পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে একটি যাত্রীবাহী বাস ও ট্রাকের সংঘর্ষে মৃত্যু হল ৩৩ জনের। আহত ৪০।

❑ আমেরিকার ওরেগন প্রদেশে দাবানল আরও ভয়াবহ আকার ধারণ করেছে। আমেরিকার পশ্চিমাংশে ও কানাডার বিস্তীর্ণ এলাকার বনাঞ্চল ১ সপ্তাহ ধরে পুড়ছে।

❑ মালদ্বীপেই আগস্ট মাসে এএফসি কাপের দক্ষিণাঞ্চল গ্রুপ-ডি ম্যাচ খেলবে এটিকে মোহনবাগান। নতুন ক্রীড়াসূচি ঘোষণা করেছে এশিয়ার ফুটবল নিয়ামক সংস্থা।

২০ জুলাই

ফের উচ্চ প্রাথমিক শিক্ষক নিয়োগে স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সৌগত ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ সূত্রে জানানো হয়েছে, স্কুল সার্ভিস কমিশন ইন্টারভিউ প্রক্রিয়া চালিয়ে যেত পারে। ইন্টারভিউ শেষে প্যানেল তৈরি করে তা আদালতে জমা দিতে হবে। পাশাপাশি সেই প্রার্থীদের যোগ্যতার নথিও জমা দিতে হবে। প্রার্থীদের অভিযোগগুলি ৩ মাসের মধ্যে নিষ্পত্তি করে কোর্টকে জানাতে হবে।

❑ বিধি মেনে ঈদ পালিত হল। সারা দেশের মতো এরাজ্যেও এই উৎসব পালিত হচ্ছে। তবে কোভিড বিধি মেনে উৎসব পালন করার আহ্বান জানানো হয়েছে।

❑ নিট ২৩,৬৭৫ কোটি টাকা অতিরিক্ত বাজেট বরাদ্দের প্রস্তাব লোকসভায় পেশ করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। যারমধ্যে স্বাস্থ্যখাতে ১৭ হাজার কোটি টাকা। প্রস্তাব অনুযায়ী মোট অতিরিক্ত খরচের অঙ্ক ১.৮৭ লক্ষ কোটি টাকা।

❑ ন্যাশনাল প্লান ফর কনজার্ভেশন অফ অ্যাকোয়াটিক ইকো সিস্টেমস-এর অধীনে দেশে ১৬০টি জলাভূমি সংরক্ষণের জন্য ১ হাজার কোটি টাকারও বেশি মঞ্জুর করা হয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় সরকার। রাজ্যসভায় কেন্দ্রীয় পরিবেশ প্রতিমন্ত্রী অশ্বিনীকুমার চৌবে এবিষয়ে জানান।

❑ মহাকাশে বেজোস। মহাকাশ থেকে ফিরে সাংবাদিক সম্মেলন করলেন জেফ বেজোস। মহাকাশকে লক্ষ লক্ষ মানুষের বাসযোগ্য করে তোলার স্বপ্ন দেখেছিলেন। সেই পরীক্ষার প্রথম ধাপে সফল হলেন পৃথিবীর সবথেকে ধনী ব্যক্তি বেজোস। নিজের সংস্থার তৈরি মহাকাশযানে চেপে পৌঁছে গেলেন পৃথিবী ও মহাকাশের সীমান্তরেখায়।

সাংবাদিক সম্মেলনে বেজোস

❑ ভারতকে সিরিজ জেতালেন ব্যাটসম্যান দীপক চাহার। ভারতীয় ব্যাটিং বিপর্যয়ে ব্যাট হাতে রুখে দাঁড়ালেন চাহার। শেষ পর্যন্ত ৫ বাকি থাকতে ৩ উইকেটে ম্যাচ ও সিরিজ জেতালেন ভারতকে। তিনি অপরাজিত থাকলেন ৮২ বলে ৬৯ রান করে। ম্যাচ সেরা হয়েছেন দীপক চাহার। ফলাফল— শ্রীলঙ্কা ২৭৫/৯ (৫০), ভারত ২৭৭/৭ (৪৯.১)।

❑ এই নিয়ে তৃতীয়বার বর্ষসেরা মহিলা ফুটবলারের সম্মান পেলেন বালাদেবী। এই খবর জানিয়েছে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন। পাশাপাশি বছরের সেরা উদীয়মান মহিলা ফুটবলার নির্বাচিত হলেন মণীষা কল্যাণ।

বর্ষসেরা ফুটবলারের সম্মান

২১ জুলাই

উচ্চমাধ্যমিকের ফল প্রকাশ। উচ্চমাধ্যমিক বাতিল হলেও মাধ্যমিকের মতো বিশেষ পদ্ধতিতে মূল্যায়নের ভিত্তিতে উচ্চমাধ্যমিকের ফল ঘোষণা হচ্ছে। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভানেত্রী মহুয়া দাস জানিয়েছেন, বেলা ৩টেয় সল্টলেকে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের দপ্তরে ফল প্রকাশের পর বিকেল ৪টে নাগাদ ওয়েবসাইট, মোবাইল অ্যাপ ও এসএমএসে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ছাত্রছাত্রীরা ফল জানতে পারবেন।

❑ স্কুলগুলো ২২ জুলাই থেকে একাদশ শ্রেণিতে ভর্তির নোটিশ দিতে পারবে। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ এখবর জানিয়েছে। ২ থেকে ১৪ আগস্ট পর্যন্ত নিজের স্কুলের পড়ুয়া এবং ১৬ থেকে ৩১ আগস্টের মধ্যে বাইরে পড়ুয়ারা ভর্তি হবেন। বিষয়ভিত্তিক ন্যূনতম নম্বর স্কুলগুলোকে জানিয়ে দেওয়া হয়েছে। একাদশে ভর্তি শুরু করে এই মাসেই শেষ করতে চায় কিছু স্কুল।

❑ টানা ভারি বর্ষণে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে চিনের হেনান প্রদেশে। অতিবৃষ্টির আবহে বন্যার জেরে ২৫ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। প্লাবিত হয়েছে ঝেংঝেউ সহ ২২টি শহর।

❑ এই প্রথম হজের সময় মক্কার নিরাপত্তার দায়িত্ব পেলেন মহিলা সেনা। গত এপ্রিল থেকে সৌদি যুবরাজ মহম্মদ বিন সলমনের নির্দেশেই মহিলা সৈন্যরা নিরাপত্তা রক্ষার অংশ হয়ে উঠেছেন। খাঁকি পোশাক ও হিজাব পড়েই মসজিদের নিরাপত্তা পালন করবেন তাঁরা।

নিরাপত্তায় মহিলা পুলিশ

❑ অতিমারির আবহে যে সমস্ত শিল্প বেশি ধাক্কা খেয়েছে, তারমধ্যে অন্যতম হল বিমান পরিবহণ। এই পরিস্থিতিতে বিমানশিল্পের উন্নতি ও চ্যালেঞ্জ মোকাবিলার জন্য বিভিন্ন ক্ষেত্রে পরামর্শ দিতে ৩টি উপদেষ্টা গোষ্ঠী তৈরি করেছে কেন্দ্রীয় সরকার।

❑ বছরের শেষ গ্র্যান্ড স্লাম টেনিস প্রতিযোগিতা ও যুক্তরাষ্ট্র ওপেনে অংশগ্রহণ করবেন নিওমি ওশাকা। বিশ্বের ২ নম্বর মহিলা টেনিস তারকা এই মুহূর্তে টোকিও অলিম্পিক্সে পদক জয়ের জন্য অনুশীলন করছেন। অলিম্পিক শেষ হলেই তিনি তৈরি হবেন যুক্তরাষ্ট্র ওপেনের জন্য।

২২ জুলাই

লক্ষ্মীর ভাণ্ডার নামে নতুন প্রকল্প রাজ্যে। এই প্রকল্পে সাধারণ গৃহবধূরা সরকারের থেকে মাসে ৫০০ এবং তফশিলি জাতি ও জনজাতিভুক্ত মহিলারা ১ হাজার টাকা আর্থিক সহায়তা পাবেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের সুবিধা পাওয়া যাবে ১ সেপ্টেম্বর থেকেই। ১৬ আগস্ট থেকেই ১৫ সেপ্টেম্বর পর্যন্ত দুয়ারে সরকার কর্মসূচির শিবির চলবে। সেখানে এই প্রকল্পের জন্য আবেদন করা যাবে। প্রায় ১.৬৩ কোটি উপভোক্তা এর অধীনে আসবেন।

❑ বেড়াতে যেতে হলে করোনা প্রতিষেধকের দুটি ডোজ অথবা হতে হবে করোনা নেগেটিভ। এই সংক্রান্ত শংসাপত্র না দেখালে সৈকতের হোটেলে ঘর পাওয়া যাবে না। এই নির্দেশিকার পর পূর্ব মেদিনীপুরের সৈকত পর্যটন কেন্দ্রগুলিতে ভিড় কমছে।

❑ উচ্চমাধ্যমিকে পাশের হার প্রায় ৯৮ শতাংশ। মুর্শিদাবাদের কান্দির রাজা মনীন্দ্রচন্দ্র উচ্চ বালিকা বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ছাত্রী রুমানা সুলতানা এবার উচ্চমাধ্যমিকে রাজ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছেন। তাঁর প্রাপ্ত নম্বর ৪৯৯। এবার পরীক্ষার জন্য ফর্ম পূরণ করেছে ৮,১৯,২০২ জন। পাশ করেছে ৭,৯৯,০৮৮। পাশের হার ৯৭.৬৯ শতাংশ। ছাত্রদের পাশের হার ৯৭.৭০ শতাংশ এবং মেয়েদের পাশের হার একই। প্রথম দশে রয়েছে ৮৬ জন।

❑ ২০২১ সালের হাইমাদ্রাসা, আলিম, ফাজিলের ফল প্রকাশ হচ্ছে। মাদ্রাসা শিক্ষা পর্ষদ সূত্রে জানানো হয়েছে, বেলা ১২টা থেকে বিভিন্ন ওয়েবসাইট ও এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার্থীরা ফল জানতে পারবেন।

❑ রাজ্যের সরকারি, সরকার পোষিত ও সাহায্যপ্রাপ্ত স্কুলগুলির শিক্ষকদের অনলাইনে বদলির আবেদন করার নতুন পোর্টালের সূচনা করেছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছেন, উৎসশ্রী নামে ওই পোর্টালের মাধ্যমে বাড়ির কাছে বা নিজের জেলায় বদলির আবেদন জানাতে পারবেন শিক্ষকরা।

❑ টোকিও অলিম্পিকে জার্মানিকে হারিয়ে ব্রাজিলের পুরুষ ফুটবল দল অভিযান শুরু করল। অন্যদিকে আর্জেন্টিনাকে হারিয়ে চমক দিল অস্ট্রেলিয়া। পরাজিত ফ্রান্সও। ব্রাজিল ৪-২ গোলে জার্মানিকে পরাজিত করেছে। অস্ট্রেলিয়ার কাছে ২-০ ফলাফলে পরাজিত আর্জেন্টিনা। ফ্রান্সকে ৪-১ ফলাফলে হারিয়ে মেক্সিকো জয়ী।

২৩ জুলাই

মমতা বন্দ্যোপাধ্যায়কে সংসদীয় দলের সভানেত্রী করেছে তৃণমূল কংগ্রেস। ১৯৯৮ সালে সাংসদ না হয়েও কংগ্রেস সংসদীয় দলের সভানেত্রী হয়েছিলেন সোনিয়া গান্ধি। এবারও জাতীয়স্তরে বিজেপি বিরোধী রাজনীতিতে বার্তা দিতে সেই পথেই হাঁটল তৃণমূল।

❑ অলিম্পিকর সূচনা অনুষ্ঠানে জাতীয় পতাকা হাতে ভারতীয় দলের নেতৃত্ব দিলেন মনপ্রীত সিং ও মেরি কম। টোকিওয় সেই বর্ণাঢ্য অনুষ্ঠান হয়।

ভারতীয় দলের নেতৃত্বে

❑ আইসিএসই ও আইএসসি-র ফল বের হচ্ছে। সিআরএসসিই বোর্ডের সচিব জেরি অ্যারাথুন এই খবর জানিয়েছেন।

❑ নিয়মিত পরীক্ষা বাতিল হলেও প্রাইভেটে অনলাইন পরীক্ষা হবে। এমনটাই জানিয়েছে সিবিএসই বোর্ড। ১৬ আগস্ট থেকে ১৫ সেপ্টেম্বরের মধ্যে দশম ও দ্বাদশ শ্রেণির ওই পরীক্ষা হবে।

❑ এক ব্যাঙ্কে অন্য ব্যাঙ্কের ডিরেক্টরদের ঋণ দেওয়ার নিয়ম সরল করল রিজার্ভ ব্যাঙ্ক। এখন থেকে পর্ষদের সম্মতি ছাড়াই সংশ্লিষ্ট ডিরেক্টরকে ৫ কোটি টাকা

দেশদুনিয়ার হালহকিকৎ

পর্যন্ত ব্যক্তিগত ঋণ দিতে পারবে ব্যাঙ্কগুলি। যা ছিল ২৫ লক্ষ।

❑ আয়ারল্যান্ডের বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজ জিতল দক্ষিণ আফ্রিকা। আফ্রিকানরা ৪২ রানে পরাজিত করল আইরিশদের। আগে ব্যাটিং করে দক্ষিণ আফ্রিকার স্কোর দাঁড়ায় ১৫৯/৭। ডেভিড মিলার ৪৪ বলে ৭৫ রান করে অপরাজিত থাকেন। আয়ারল্যান্ডের ইনিংস শেষ হয় ১১৯ রানে।

❑ ওয়ান ডে ক্রিকেটে একম্যাচে ৫ জনের অভিষেক হয়ে গেল ভারতীয় দলের। শ্রীলঙ্কার বিরুদ্ধে তৃতীয় ম্যাচের আগে সুযোগ দেওয়া হল সঞ্জু স্যামসন, রাহুল চাহার, নীতিশ রানা, কৃষ্ণাপ্পা গৌতম ও চেতন সাকারিয়াকে। উল্লেখ করা যায়, ১৯৮০ সালে একসঙ্গে ৫ জনের অভিষেক হয়েছিল ভারতীয় দলে। মেলবোর্নে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সুযোগ পেয়েছিলেন দিলীপ দোশি, কীর্তি আজাদ, রজার বিনি, সন্দীপ পাটিল ও টি শ্রীনিবাসনের।

২৪ জুলাই

ভারোত্তলনে রুপোর পদক জয়ী হলেন মীরাবাঈ চানু। টোকিও

অলিম্পিকে রুপো জয়ী

অলিম্পিকে ভারতের সাফল্য। ১৯৯৪ সালের ৮ আগস্ট মীরাবাঈ চানুর জন্ম। মণিপুরের ইম্ফলে তাঁর জন্মস্থান। ২৬ বছর বয়সী এই মণিপুরের কন্যার হাত ধরেই এল টোকিও অলিম্পিকের প্রথম সাফল্য।

❑ এপ্রিল-জুন ত্রৈমাসিকে আইসিআইসিআই ব্যাঙ্কে পুঞ্জিভূত নিট মুনাফার অঙ্ক দাঁড়িয়েছে ৪৭৪৭.৪২ কোটি টাকা। যা ১ বছর আগের তুলনায় ৫২ শতাংশ বেশি।

২৫ জুলাই

এবার থেকে অফিসের বেতন হওয়ার দিন রবিবার বা অন্য ছুটির দিনে পড়লেও কর্মীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা জমা পড়বে। পেনশন ও সুদের টাকা জমা, ইএমআই কাটা সহ গুরুত্বপূর্ণ ব্যাঙ্ক লেনদেনের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে। ১ আগস্ট থেকে চালু হচ্ছে বছরের প্রতিদিন এনএসিএইচ-এর পরিষেবা চালু থাকার নতুন নিয়ম।

❑ আগামী বছর থেকে দশম ও দ্বাদশের পরীক্ষার পদ্ধতি পরিবর্তন হচ্ছে। সিবিএসই বোর্ড সূত্রে এমনটাই জানানো হয়েছে। সেই পরিবর্তিত পরীক্ষার সিলেবাস প্রকাশ করেছে বোর্ড। নতুন নিয়ম অনুযায়ী জানানো হয়েছে, শিক্ষাবর্ষকে দুটি টার্মে ভাগ করে বোর্ডের পরীক্ষাও ২ বার করে হবে। প্রথম পরীক্ষাটি হবে চলতি বছরের শেষে এবং দ্বিতীয়টি হবে ২০২২ সালের মার্চ ও এপ্রিলে।

❑ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের অধীনে রাজ্যের স্কুলগুলি ২০২১-২২ শিক্ষাবর্ষের জন্য নাম নথিভুক্ত করা ও বোর্ডের স্বীকৃতি নবীকরণের প্রক্রিয়া শুরু হবে বলে জানিয়েছে সংসদ। ১৬ আগস্ট থেকে স্কুলগুলি সংসদের আঞ্চলিক দপ্তর থেকে রেজিস্ট্রেশন ফর্ম নিতে পারবে। ১ থেকে ১০ সেপ্টেম্বর অথবা ২০ থেকে ২৪ সেপ্টেম্বরের মধ্যে তা জমা দিতে হবে আঞ্চলিক দপ্তরে।

❑ দেশে অপ্রচলিত বিদ্যুতের উৎপাদন বাড়ানোর লক্ষ্য নিয়েছে কেন্দ্রীয় সরকার। এই পরিস্থিতিতে উৎপাদিত বিদ্যুৎ ধরে রাখার জন্য পরিকাঠামো গড়তে উদ্যোগী সোলার এনার্জি কর্পোরেশন অফ ইন্ডিয়া।

❑ দাবানলে পুড়ছে পশ্চিম আমেরিকার বিস্তীর্ণ অঞ্চল। দমকলকর্মীদের আপ্রাণ চেষ্টা সত্ত্বেও উত্তর ক্যালিফোর্নিয়ায় বেশ কিছু বাড়ি ভস্মিভূত হয়েছে। পুড়ে গিয়েছে ১ লক্ষ ৮১ হাজার একর জমি।

❑ টোকিও অলিম্পিকে স্বপ্ন দেখাচ্ছেন মেরি কম, পি ভি সিন্ধু ও মণিকা বাত্রা। এবারে টোকিও অলিম্পিকে রুপো জয় করেছেন মীরাবাঈ চানু। তবে ওই ৩ কন্যার দিকেই তাকিয়ে গোটা ভারত।

❑ অলিম্পিক পুরুষ হকিতে ভারত ৭-১ ফলাফলে পরাজিত হল অস্ট্রেলিয়ার কাছে।

❑ প্রণতি নায়েক টোকিও অলিম্পিকে ব্যর্থ হলেন। অলিম্পিকের আর্টিস্টিক্স জিমন্যাস্টিক্সের সাবডিভিশন-১ বিভাগ থেকেই ছিটকে গেলেন তিনি। বাংলার এই জিমন্যাস্টের অলরাউন্ড ফাইনালেও নামা হল না।

❑ শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথমটি-টোয়েন্টি ম্যাচে ৩৪ বলে ৫০ রান করলেন সূর্যকুমার যাদব। ভারত ৩৮ রানে পরাজিত করেছে শ্রীলঙ্কাকে। ম্যাচের ফলাফল— ভারত ১৬৪/৫, শ্রীলঙ্কা ১২৬/১০।

২৬ জুলাই

বিনা পরীক্ষায় উচ্চমাধ্যমিকে এবার যে ১৮ থেকে ২০ হাজার পড়ুয়া অনুত্তীর্ণ হয়েছিলেন, সংশ্লিষ্ট স্কুলগুলির পাঠানো নতুন নম্বরের ভিত্তিতে তাঁদের ৯০ শতাংশ উত্তীর্ণ হয়েছেন।

❑ প্রায় দেড় বছর ধরে বন্ধ রয়েছে খড়গপুর আইআইটি। তবে বাড়ি থেকেই চলছে অনলাইন ক্লাস। অনেকের বাড়িতেই নেই ব্রডব্যান্ড ইন্টারনেটের সংযোগ। অনেকক্ষেত্রে লোডশেডিংয়েও পণ্ড হয়ে অনলাইন ক্লাস। এই অবস্থায় পড়ুয়াদের প্রতিষ্ঠানে ফেরানোর প্রক্রিয়া শুরু করেছে আইআইটি খড়গপুর।

❑ পশ্চিমবঙ্গে ৫৭০টি ছোট, মাঝারি শিল্পগুচ্ছের জিআইএস ম্যাপিং করছে রাজ্য সরকার। এই সমস্ত শিল্পগুচ্ছের ভৌগলিক তথ্য পরিকাঠামো, মানবসম্পদ ও তাদের কর্মদক্ষতা সম্পর্কে সহজে তথ্য জানতে পারে আগ্রহী সংস্থা। রাজ্যে ব্যবসার পরিবেশ সহজ করতেই এই উদ্যোগ।

❑ ভারতীয় ফুটবল দলের প্রাক্তন অধিনায়ক বাইচুং ভুটিয়ার ফুটবল স্কুল রেসিডেন্সিয়াল ফাউন্ডেশনের সঙ্গে হাত মিলিয়েছে জিম স্পোর্টস ফাউন্ডেশন। জানা গিয়েছে, এরা যৌথভাবে উত্তর-পূর্বাঞ্চলের ১২ থেকে ১৭ বছর বয়সী ফুটবলারদের সহায়তা করবে।

❑ মাত্র ১৩ বছর ৩৩০ দিন বয়সে অলিম্পিক সোনা জিতে চমক দিলেন জাপানের মোমিজি

সোনা জিতে চমক মোমিজির

নিশিয়ার। তিনি স্কেটবোর্ডিং ইভেন্ট এই পদক অর্জনকরেছেন। যা টোকিও অলিম্পিক্সে প্রথমবার অন্তর্ভুক্ত হয়েছে। নিশিয়ার সঙ্গেই রুপো পাওয়া ব্রাজিলের রায়াসা লিলের বয়স ১৩ বছর। এছাড়া ব্রোঞ্জ জয়ী ফুনা নাকায়ামা প্রায় একই বয়সী। পদক জয়ীদের বয়সের গড় দাঁড়িয়েছে মাত্র ১৪ বছর ১৯১ দিন। অলিম্পিকের ইতিহাসে এটি বিরলতম ঘটনা।

সংকলন ঃ প্রবীর মুখোপাধ্যায়

১১৫ হেড কনস্টেবল

১ পাতার পর ....

স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। সঙ্গে কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ এবং হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ টাইপের দক্ষতা থাকা চাই। ২২.০৮.২০২১ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং প্রাক্তন -সমরকর্মী ও অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। বেসিক পে ২৫,৫০০ - ৮১,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা। এছাড়া নতুন পেনশন স্কিম প্রযোজ্য।

প্রার্থিবাছাই হবে শারীরিক সক্ষমতার পরীক্ষা, শারীরিক মাপজোক পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং টাইপিং টেস্টের মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় - তরুণদের জন্য থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড় এবং তরুণীদের জন্য থাকবে ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নিতে পারবেন রিক্রুটমেন্ট ওয়েবসাইট থেকে। পরীক্ষা কোথায় হবে তা জানতে পারবেন অ্যাডমিট কার্ডে। ওইদিন সঙ্গে নিয়ে যেতে হবে কোনও বৈধ সচিত্র পরিচয় পত্র। পরীক্ষার সময় যাতায়াত বা অন্যান্য কিছুর জন্য কোনও খরচ পাবেন না।

লিখিত পরীক্ষা হবে ভাড়া করা সরকারি স্কুল/ কেন্দ্রীয় বিদ্যালয়/ এসএসবি নির্ধারিত কেন্দ্রে। ১টি পেপারে (কমন এনট্রান্স টেস্ট) পরীক্ষা হবে। ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে ১০০টি মাল্টিপল চয়েজ প্রশ্ন। প্রশ্ন হবে জেনারেল ইংলিশ/ জেনারেল হিন্দিতে। পরীক্ষায় সফল হতে তফশিলিদের অন্তত ৪৫ এবং বাকি প্রার্থীদের অন্তত ৫০ শতাংশ নম্বর পেতে হবে। লিখিত পরীক্ষায় সফল হলেই যে স্কিল/ টাইপিং টেস্টের ডাক পাবেন, এমনটা নাও হতে পারে।

স্কিল টেস্টে সফলদের থেকে ক্যাটেগরি অনুযায়ী শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে নথিপত্র যাচাই এবং ডাক্তারি পরীক্ষার জন্য ডাকা হবে। প্রথমে নথিপত্র যাচাই হবে এবং পরে ডাক্তারি পরীক্ষা হবে। সবেতে সফল হেলই যে সরকারি চাকরিতে নিয়োগ পাবেন, এমন নয়। উল্লেখ্য, নিয়োগ হবে লিখিত পরীক্ষার মেধার ভিত্তিতে।

তরুণদের উচ্চতা অন্তত ১৬৫ (তফশিলি হলে অন্তত ১৬২.৫) সেমি এবং বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি হতে হবে। তরুণীদের উচ্চতা অন্তত ১৫৫ তফশিলি হলে অন্তত ১৫০) সেমি হতে হবে। তরুণীদের ক্ষেত্রে ছাতির মাপ প্রযোজ্য নয়।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফশিলি, প্রাক্তন সমরকর্মী এবং মহিলা প্রার্থীদের এই ফি দিতে হবে না। ফি দেবেন যে কোনও ব্যাঙ্কে নেট ব্যাঙ্কিং/ ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড অথবা স্টেট ব্যাঙ্কের চালানের মাধ্যমে।

দরখাস্ত করবেন https://ssb.nic.in/ বা http://www.ssbrectt.

.... এরপর ৮ পাতায়

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে

৪২ ইমপ্লিমেন্টেশন রিসার্চ অফিসার

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: রিসার্চ অফিসার এবং ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিসের সিনিয়র গ্রেড পদে ৪২ জনকে নিচ্ছে দিল্লি সরকারের দুটি মন্ত্রকে। প্রার্থিবাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। প্রথমে প্রবেশন।

রিসার্চ অফিসার (ইমপ্লিমেন্টেশন)(ভ্যাকান্সি নং 21070903424): মোট শূন্য পদ ৮টি (অসংরক্ষিত ৫, তফশিলি জাতি ১, ওবিসি ২ এবং এসবের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। নিয়োগ হবে স্বরাষ্ট্র মন্ত্রক, অফিসিয়াল ল্যাঙ্গেয়েজ ডিপার্টমেন্ট, রিজওনাল ইমপ্লিমেন্টেশন অফিসে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মাইনে সপ্তম সিপিসি -র লেভেল-৭ অনুযায়ী।

ইংরিজি কম্পালসরি বা ইলেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে বা ডিগ্রি স্তরে পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে হিন্দির মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। অথবা হিন্দি কম্পালসরি বা ইলেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে বা ডিগ্রি স্তরে পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে ইংরিজির মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। অথবা হিন্দি মিডিয়াম এবং ইংরিজি কম্পালসরি বা ইলেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে বা ডিগ্রি স্তরে পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে হিন্দি বা ইংরিজি ছাড়া অন্য যে কোনও বিষয়ের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। অথবা ইংরিজি মিডিয়াম এবং হিন্দি কম্পালসরি বা ইলেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে বা ডিগ্রি স্তরে পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে হিন্দি বা ইংরিজি ছাড়া অন্য যে কোনও বিষয়ের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। অথবা ইংরিজি মিডিয়াম এবং হিন্দি কম্পালসরি বা ইলেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে বা ডিগ্রি স্তরে পরীক্ষার মাধ্যম হিসেবে নিয়ে হিন্দি বা ইংরিজি ছাড়া অন্য যে কোনও বিষয়ের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। অথবা ডিগ্রি স্তরে ইংরিজি এবং হিন্দি কম্পালসরি বা লেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে কিংবা ওইদুটি ভাষার যে কোনও একটি পরীক্ষার মাধ্য এবং অন্যটি কম্পালসরি বা ইলেক্টিভ সাবজেক্ট হিসেবে নিয়ে হিন্দি বা ইংরিজি ছাড়া অন্য যে কোনও বিষয়ের মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে।

ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিসের সিনিয়র গ্রেড - গ্রুপ-বি (গেজেটেড) (ভ্যাকান্সি নং 21070904424): মোট শূন্য পদ ৩৪টি (অসংরক্ষিত ১৭, তফশিলি জাতি ৪, তফশিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এসবের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। ভাষা অনুযায়ী এইপদে নিয়োগ হবে ইনফর্মেশন অ্যান্ড ব্রডকাস্টিং মন্ত্রকের ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিসে।

ভাষা অনুযায়ী শূন্যপদের সংরক্ষণ নীচের মতো:- বাংলা ১, অসমিয়া ২, হিন্দি ৯, ইংলিশ ৩, পাঞ্জাবী ৩, তেলুগু ৫, ওড়িয়া ৩, মারাঠী ৫, গুজরাটি ১ এবং মণিপুরি ২।

শিক্ষাগত যোগ্যতা - ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পাশ করা ডিগ্রিধারী হতে হবে। ২) জার্নালিজম/ ম্যাস কমিউনিকেনিকশনের ডিপ্লোমা/ পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমাধারী হতে হবে। ৩) দশম শ্রেণি পর্যন্ত সংশ্লিষ্ট ভাষা পড়ে থাকতে হবে। সঙ্গে অন্তত ২ বছরের জার্নালিস্টিকের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

প্রার্থিবাছাই হবে রিক্রুটমেন্ট টেস্ট এবং পরে ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। ফি দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা স্টেট ব্যাঙ্কের যে কোনও শাখায় চালানের মাধ্যমে। তফশিলি/ প্রতিবন্ধী/ মহিলা প্রার্থীদের এই ফি দিতে হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে www.upsconline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ১২ অগস্টের মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ০৯/২০২১। আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে/ পিডিএফে।

১১৫ হেড কনস্টেবল

৭ পাতার পর ....

gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২২ অগস্টের মধ্যে। দরখাস্ত করার সময় নিজের পাসপোর্ট মাপের ছবির (জেপিজি ফর্ম্যাটে, ১০০ x ১২০ পিক্সেল, ৪ কেবি থেকে ১২ কেবি সাইজের মধ্যে) এবং সইয়ের (জেপিজি ফর্ম্যাটে, ১৪০ x ৬০ পিক্সেল, ৪ কেবি থেকে ১২ কেবি সাইজের মধ্যে) করে রাখা স্ক্যান আপলোড করতে হবে। স্ক্যান আপলোড করে “Upload” বোতামে ক্লিক করতে হবে। দরখাস্ত সাবমিট করা হয়ে গেলে প্রার্থী পদের প্রমাণ হিসেবে দরখাস্তের প্রিন্ট নিয়ে রাখবেন। আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে। বিজ্ঞপ্তি নং 338/RC/SSB/HC(MIN)/2020.

Editor: Prabir Mukhopadhyay. Ph: (033) 2334-3575, Mob: 9434972260, Email: editorkaajcareer@gmail.com. Website : www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer.
For instant job update download "Kaajcareer App" from Google Play Store